



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

কর্মচারী প্রশাসন পরিদপ্তর  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২  
খিলক্ষেত, ঢাকা-১২২৯।  
ফোনঃ ৮৯০০৩৫৮।  
ই-মেইল: rebdpa@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১২৮.২১-২২৪২

তারিখঃ ২২ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ  
০৫ এপ্রিল, ২০২১ খ্রিস্টাব্দ

## নোটিশ

**বিষয়ঃ** বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' পদে নিয়োগ প্রসঙ্গে।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' পদে ০৪/০৪/২০২১ খ্রি. অনুষ্ঠিত মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্য থেকে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণকে বাপবিবো কর্তৃক চূড়ান্তভাবে নিয়োগের জন্য নির্বাচন করা হয়েছেঃ

ক্র. নং	নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর	নির্বাচিত প্রার্থীদের নাম	যোগদানের তারিখ
০১.	৩০০০০৯২৭	জনাব মোঃ সোহেল আকবর	১২-০৪-২০২১ খ্রি. তারিখের মধ্যে।
০২.	৩০০০০০৩৮	জনাব মোঃ সেলিম মিঞা	
০৩.	৩০০০০৩৭৮	জনাব মোঃ আবু বকর ছিদ্দিক	
০৪.	৩০০০০৯৬৬	জনাব মোঃ আব্দুল কাদের	
০৫.	৩০০০১১৪২	জনাব সাঈদ বিন আনোয়ার	
০৬.	৩০০০০৯২৫	জনাব মোঃ রকিবুল ইসলাম আকন	

নির্বাচিত প্রার্থীদের বরাবরে নিম্নবর্ণিত শর্তসমূহ উল্লেখপূর্বক ডাকযোগে নিয়োগ পত্র প্রেরণ করা হয়েছে।

### নিয়োগ পত্রের শর্তাবলী

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী পদে আপনাকে সম্পূর্ণ অস্থায়ী ও এডহক ভিত্তিতে বোর্ড-এর প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় ভাতাসহ জাতীয় বেতন স্কেল'২০১৫ মোতাবেক ৳ ৯৩০০-২২৪৯০/= টাকা বেতনক্রমে (গ্রেড-১৬) নিম্নবর্ণিত শর্তে নিয়োগপত্র প্রদান করা হলোঃ

- ০১। চাকুরীতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর আপনি শিক্ষানবিস হিসেবে নিয়োজিত থাকবেন। আপনার চাকুরী তত্ত্বক্ষণ পর্যন্ত স্থায়ী হবে না যতক্ষণ না বোর্ড সংশ্লিষ্ট প্রবিধানমালার আদেশবলে, সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন। তবে, উক্ত সময়কাল কর্তৃপক্ষের ইচ্ছা অনুযায়ী অনূর্ধ্ব ০২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করা হতে পারে। তাছাড়াও, বোর্ড কর্তৃক পুলিশ বিভাগ হতে আপনার চরিত্র ও প্রাক-পরিচয়ের সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি, আপনার সম্পর্কে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার ইতিবাচক মতামত-এর উপর আপনার শিক্ষানবিসকালের সন্তোষজনক সমাপ্তি এবং আপনার চাকুরীর স্থায়ীকরণ নির্ভর করবে।
- ০২। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করে আপনার শিক্ষানবিসকালে চাকুরীর অবসান ঘটাতে পারবেন এবং এরূপ চাকুরী অবসানের কারণে আপনি কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।
- ০৩। আপনি যদি কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা অথবা পল্লী বিদ্যুৎ সমিতির চাকুরীতে নিয়োজিত থাকেন, তাহলে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এ যোগদানের সময় আপনাকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত অব্যাহতিপত্র পেশ করতে হবে।

০২৫

অঃ পৃঃ দ্রঃ/০২

